


ত্রৈমাসিক

# রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

www.rajukdhaka.gov.bd

www.facebook.com/rajukdhaka/

ভলিউম-১১, সংখ্যা-২, অক্টোবর/২০১৮-মার্চ/২০১৯, বাংলা ১৪২৬


## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক রাজউকের উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০১ নভেম্বর, ২০১৮খ্রি. তারিখে রাজউক-এর উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের 'এ' ব্লকের বহুতল এপার্টমেন্ট ভবনসমূহ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুভ উদ্বোধন করেন। *(আরও খবর ৩ এর পাতায়)*



*মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের উদ্বোধন*

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর রাজউক পরিদর্শন

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে নব যোগদানকৃত মাননীয় মন্ত্রী **শ.ম. রেজাউল করিম**, এমপি ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে রাজউক কর্মকর্তাদের সাথে পরিচিতিমূলক সভা করেন। এসময় গৃহায়ন ও গণপূর্ত সচিব **মোঃ শহীদ উল্লা খন্দকার**, রাজউকের চেয়ারম্যান **মোঃ আব্দুর রহমান**, সদস্য পর্ষদ এবং উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।




**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)**

রাজউক ভবন, ঢাকা-১০০০

ফোন : +৮৮-০২-৯৫৬৪৫৭৭

www.rajukdhaka.gov.bd

### উপদেষ্টা পরিষদ

**প্রধান উপদেষ্টা:**

**মোঃ আব্দুর রহমান**
চেয়ারম্যান, রাজউক

**উপদেষ্টাবৃন্দ:**

মোঃ আমজাদ হোসেন খান, *সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক*
মোঃ আজহারুল ইসলাম খান, *সদস্য (এস্টেট ও ভূমি), রাজউক*
মোঃ সাঈদ নূর আলম, *সদস্য (পরিকল্পনা), রাজউক*
আবুল কালাম আজাদ, *সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ)*
মেজর (ইঞ্জিঃ) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অবঃ)
*সদস্য (উন্নয়ন), রাজউক*

**সম্পাদক**

মোহাম্মদ মুজাফ্ফর উদ্দিন,
*তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজউক*

**সহকারী সম্পাদক**

মাহফুজা আক্তার, *নগর পরিকল্পনাবিদ, রাজউক*
মোঃ আশরাফুল ইসলাম,
*নগর পরিকল্পনাবিদ, রাজউক*
শারমিন আক্তার ফারজানা, *সহকারী স্থপতি, রাজউক*
মোঃ আতিকুর রহমান, *সহকারী পরিচালক*
*(জনসংযোগ ও প্রটোকল), রাজউক*


### অন্য পাতায়


| | | | |
|---|---|---|---|
| নগর পরিকল্পনা | ০২ | প্রশাসন | ০৭ |
| স্থাপত্য শাখা | ০৪ | বিষয় শাখা | ১০ |
| উন্নয়ন | ০৪ | বিবিধ | ১১ |
| উন্নয়ন নিয়ন্ত্রণ | ০৭ | | |

# সম্পাদকীয়

প্রতি তিনমাসে রাজউক বার্তা প্রকাশিত হয়। গত অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ সংখ্যাটি অনিবার্য কারণে প্রকাশ করা সম্ভব হয়নি। মূলত রাজউক এর বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের উপর অগ্রগতির প্রতিবেদন, অনুষ্ঠিত বিভিন্ন ইভেন্টের সংবাদ, বিভিন্ন জাতীয় দিবস উৎযাপন ইত্যাদির সংবাদ সংগ্রহে পর্যাপ্ততা না হলে বার্তা প্রকাশ করা যায় না। যাহোক, বার্তার কলেবর বৃদ্ধি করে অক্টোবর-ডিসেম্বর/২০১৮ এবং জানুয়ারী-মার্চ/২০১৯ এর ২টি সংখ্যাকে একিভূত করে একটি সংখ্যা প্রকাশ করা হলো।

এ সময়ের মধ্যে বাংলাদেশ সরকারের জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ আওয়ামী লীগ উক্ত নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়ে টানা তৃতীয়বার সরকার গঠন করে। রাজউক পরিবারের পক্ষ হতে বর্তমান সরকারকে শুভেচ্ছা ও অভিনন্দন। আশা করি বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র নেতৃত্বে বাংলাদেশ উন্নত দেশ হিসেবে বিশ্বের মানচিত্রে স্থান করে নেবে।

রাজউক নিয়মিতভাবে যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন জাতীয় দিবস পালন করে আসছে। চেয়ারম্যান মহোদয় এর নেতৃত্বে রাজউক মহান বিজয় দিবস, বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং মহান স্বাধীনতা দিবস পালন করে।

সরকার ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে নিম্ন ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যা নিরসনের লক্ষ্যে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করে। এই পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে রাজউক উত্তরায় ১৮নং সেক্টরে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণের উদ্যোগ নেয়। মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুত উত্তরায় ১৮নং সেক্টরে নিম্ন ও মধ্যম আয়ের মানুষের জন্য এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প-এর 'এ' ব্লকে নির্মিত বহুতল এপার্টমেন্ট ভবনসমূহ মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে গত পহেলা নভেম্বর, ২০১৮খ্রি. তারিখে শুভ উদ্বোধন করেন। এ পর্যন্ত উক্ত প্রকল্পে ৫৬০০টিরও অধিক ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হয়েছে। জাতীয় পর্যায়ে আবাসন শিল্পে রাজউকের উত্তরা এপার্টমেন্ট প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

বনানীর ১৭নং রোডে অবস্থিত এফ.আর টাওয়ার-এ অগ্নি দূর্ঘটনায় প্রাণহানি দেশে নির্মিত ও নির্মাণাধীন বহুতল ভবনে অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়টি নাড়া দেয়। বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বি.এন.বি.সি) অনুসরণে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা যথাযথ নিশ্চিত করে রাজউকের আওতাধীন এলাকার বহুতল ভবনের নক্শা অনুমোদন করা হলেও অধিকাংশ ভবন মালিক তা অনুসরন করতে শৈথিল্যতা প্রদর্শন করে। ফলে ভবনসমূহ অগ্নি নিরাপত্তা ঝুঁকিতে থেকে যায়। অগ্নি নিরাপত্তা ঝুঁকি দেখভাল করার বিয়য়টি সরকারের সিভিল ডিফেন্স এন্ড ফায়ার সার্ভিস এর উপর বর্তালেও তা নিয়মিত মনিটরিং নেই বললেই চলে। রাজউকের আওতাধীন এলাকায় নির্মিত/নির্মাণাধীন বহুতল ভবনসমূহের অনুমোদন ও অগ্নি নিরাপত্তা ব্যবস্থার উপর প্রতিবেদন দাখিলের জন্য রাজউক ২৪টি টীম গঠন করে। উক্ত টীমসমূহ তাদের সমীক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

রাজউকের কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে অটোমেশন প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। বিশেষ করে নক্শা অনুমোদনের ক্ষেত্রে শতভাগ অটোমেশন চালু হয়েছে। উন্নয়ন কার্যক্রমের দরপত্র আহ্বান শতভাগ ই-জিপি এর মাধ্যমে বেশ আগে থেকেই চালু রয়েছে। তাছাড়া ই-নথির কার্যক্রমও চালু করা হয়েছে এবং বিভিন্ন সেবা সহজীকরণের লক্ষ্যে নিয়মিত স্ট্যাডি চলছে। সেবাসমূহকে প্রত্যাশীদের দোড়গোঁড়ায় পৌঁছানোই রাজউকের মূল লক্ষ্য।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন কর্তৃক লেক ড্রাইভ সড়কের উদ্বোধন




গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্প কর্তৃক প্রকল্পের আওতায় বাড্ডা (হাতিরঝিল মোড়) হতে শাহজাদপুর পর্যন্ত লেকের পাড়ে ২.৪০ কি.মি. বাড্ডা-শাহজাদপুর অংশে ২.৪০ কি.মি. দৈর্ঘ্যের লেক ড্রাইভ সড়কের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। রাস্তাটির প্রস্থতা ৩০ ফুট এবং সড়কের দুই পার্শ্বে Walkway বিদ্যমান। সড়কের এক পাশের Walkway এর প্রস্থতা ৬ ফুট এবং অপর পাশের Walkway এর প্রস্থতা ৩ ফুট। Walkway এর উপর বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করা হয়েছে, যা লেকের সৌন্দর্য বৃদ্ধি করেছে। এছাড়াও এই সড়ক নির্মাণের মাধ্যমে লেকে সংযুক্ত বেশ কিছু সংখ্যক পয়ঃ প্রণালী/পানি নিষ্কাশন প্রণালী পাইপ লাইন এর মুখ বন্ধ করে লেকের পাড়ে বিকল্প আরসিসি পাইপ বসিয়ে লেক থেকে বিচ্ছিন্ন করা হয়েছে। একই সাথে বাড্ডা (হাতিরঝিল মোড়) হতে শাহজাদপুর পর্যন্ত অংশে Soft armoring এর মাধ্যমে লেকের পাড় সংরক্ষণের কাজ সম্পন্ন করা হয়েছে। আলোচ্য কাজের ভূমি উন্নয়ন ব্যয়সহ মোট ব্যয় ২৫.৬৬ কোটি (ভূমি অধিগ্রহণ ব্যয় ব্যতীত) টাকা। গত ০৪ নভেম্বর' ২০১৮ তারিখে তৎকালীন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি সড়কটির উদ্বোধন করেন।

*(১ম পাতার পর)*

উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের তৎকালীন মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি উপস্থিত ছিলেন। তাছাড়া প্রকল্প এলাকায় উদ্বোধনী প্যান্ডেলে স্থানীয় সংসদ সদস্য এডভোকেট সাহারা খাতুন, মহিলা সংসদ সদস্য নুরজাহান বেগম, রাজউকের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রহমান, রাজউক ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ এবং প্রকল্পের সুবিধাভোগি বরাদ্দপ্রাপকগণ উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী প্রকল্পের সুবিধাভোগির পক্ষ হতে একজন ফ্ল্যাট বরাদ্দপ্রাপকের সাথেও কথা বলেন। তিনি উক্ত প্রকল্পের বিভিন্ন সুযোগ-সুবিধার বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

রাজউকের উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের 'এ' ব্লকে ৭৯টি ১৬-তলা ভবনে সর্বমোট ৬৬৩৬টি ফ্ল্যাট রয়েছে। ৭৯টি ভবনের মধ্যে ৭৩টি ভবন বসবাসযোগ্য করে নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। প্রথম পর্যায়ে গত ১০ই সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে ৮৪০টি ফ্ল্যাট এবং দ্বিতীয় পর্যায়ে ৭ই জানুয়ারি, ২০১৮ খ্রি. তারিখে ২৬২১টি ফ্ল্যাট বরাদ্দপ্রাপকদের লটারীর মাধ্যমে আইডি প্রদান করা হয়। লটারীরর মাধ্যমে ফ্ল্যাট আইডি প্রদান পর্যায়ক্রমে চলতে থাকবে।

প্রায় ৭০০টি ফ্ল্যাটেরও অধিক ফ্ল্যাটের চাবি বরাদ্দগ্রহীতাদের কাছে হস্তান্তর করা হয়েছে এবং বর্তমানে কম/বেশি ৬০টি পরিবার বসবাস করছে। প্রকল্পের 'এ' ব্লকের অবিক্রিত বসবাস উপযোগী ফ্ল্যাটের আবেদন ফরম বিক্রি চলমান রয়েছে। জনসাধারণ রাজউকের মূল ভবনের সোনালী, জনতা এবং অগ্রণী ব্যাংক থেকে সংগ্রহ করতে পারে।

## এফ আর টাওয়ারে অগ্নিকাণ্ডের ঘটনায় কমিটি গঠন

বনানীর ১৭ নম্বর রোডের এফ আর টাওয়ারে অগ্নিকাণ্ডের ঘটনায় এবং ঢাকা শহরের বিদ্যমান ভবনগুলো বর্তমান অবস্থা সম্পর্কে আশু করণীয় বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে রাজউক ৩১ মার্চ ২০১৯খ্রি. তারিখে রাজউক অডিটরিয়ামে এক দিকনির্দেশনামূলক সভার আয়োজন করা হয়।




# নগর পরিকল্পনা

## নগর পরিকল্পনা শাখা হতে ১২০১টি ভূমি ব্যবহার ছাড়পত্র অনুমোদিত

০১ অক্টোবর ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত ছাড়পত্র সংক্রান্ত পরিসংখ্যান ঃ

| জোন | ছাড়পত্রের আবেদন গ্রহণ | ছাড়পত্রের আবেদন অনুমোদন | ছাড়পত্রের আবেদন প্রত্যাখ্যান | ছাড়পত্রের আবেদন চলমান |
|---|---|---|---|---|
| ০১ | ১৮০ | ১৩৫ | ৪ | ৪১ |
| ০২ | ৩৮৯ | ৩২৩ | ০ | ৬৬ |
| ০৩ | ৩৯৯ | ২১৯ | ৭ | ১৬১ |
| ০৪ | ২০৯ | ১১৭ | ৫ | ৮৭ |
| ০৫ | ৯৫ | ৮১ | ৭ | ৭ |
| ০৬ | ৩৬৪ | ২৬৫ | ০ | ৯৯ |
| ০৭ | ৮৫ | ৬১ | ৭ | ১৭ |
| ০৮ | | | | |
| অনুমোদিত বেসরকারি হাউজিংপ্লট | ২৪২ | ২২১ | ৩ | ১৮ |

## প্রধান নগর পরিকল্পনাবিদ সিরাজুল ইসলাম এর অবসর গ্রহণ

১০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. তারিখ থেকে প্রধান নগর পরিকল্পনাবিদ জনাব সিরাজুল ইসলাম মহোদয়ের অবসরত্তোর ছুটি শুরু হয়।



## এমআইএস শাখা

### ই-নথি প্রশিক্ষণ

রাজউক এর ই-নথি কার্যক্রম চালু করার লক্ষ্যে প্রশাসন শাখার তত্ত্বাবধানে গত ১১-১৫ নভেম্বর ২০১৮খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) দিন ব্যাপী ই-নথি প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ৩০ (ত্রিশ) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




*ই-নথি প্রশিক্ষণার্থী*

## বিশ্ব বসতি দিবস উদযাপিত




# স্থাপত্য শাখা

রাজউকের স্থাপত্য শাখা হতে সকল ধরনের স্থাপত্য নক্‌শা প্রণয়ন ও তার বাস্তবায়ন তদারকির কাজসমূহ করে থাকে। গত অক্টোবর থেকে ডিসেম্বর মাসে স্থাপত্য শাখা থেকে বেশ কিছু নক্‌শা প্রণয়ন করা হয়।



এর মধ্যে পূর্বাচল নতুন শহর প্রকল্পের স্টাফ কোয়ার্টার, মেকানিক্যাল শেড, বাড্ডা স্টাফ কোয়ার্টার, উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ল্যান্ডস্কেপ, হাতিরঝিল এপার্টমেন্ট প্রকল্পের ল্যান্ডস্কেপ ইত্যাদি উল্লেখযোগ্য। বাড্ডা স্টাফ কোয়ার্টার এলাকার বিদ্যমান অবস্থা সরজমিনে পরিদর্শন করে উক্ত এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে নক্‌শা ও প্রাক্কলন প্রস্তুত করে তা বাস্তবায়নের জন্য অনুমোদন নেয়া হয়। রাজউক হাতিরঝিল এপার্টমেন্ট প্রকল্পের ল্যান্ডস্কেপের ক্ষেত্রে কেবল মাত্র নক্‌শা প্রণয়নই নয় বরং সার্বিক তদারকি এবং সাইটে তা বাস্তবায়নের কাজটিও সম্পন্ন করা হয়।

# উন্নয়ন

## প্রধান প্রকৌশলী আনোয়ার হোসেন এর অবসর গ্রহণ

আনোয়ার হোসেন, প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), রাজউক ১৩ মার্চ ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করেছেন।



## মাননীয় পূর্ত মন্ত্রীর পূর্বাচল নতুন শহর প্রকল্প পরিদর্শন

০৯ মার্চ ২০১৯ তারিখ, শনিবার রাজধানীর 'কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট প্রশস্ত খাল খনন ও উন্নয়ন প্রকল্প' ও 'পূর্বাচল নতুন শহর প্রকল্প' পরিদর্শন করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ.ম. রেজাউল করিম। মাননীয় মন্ত্রী পরিদর্শনকালীন সময়ে দিনব্যাপী রাজধানীর কুড়িল থেকে বালু নদী পর্যন্ত ১০০ ফুট খাল খনন ও উন্নয়ন প্রকল্পের বিভিন্ন খনন ও উন্নয়ন কার্যক্রম, পূর্বাচল নতুন শহর প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন, প্রকল্প বিষয়ে সংশ্লিষ্টদের বিভিন্ন দিক নির্দেশনাদেন এবং স্থানীয়দের সাথে কথা বলেন। এ সময়ে রাজউকের চেয়ারম্যান মোঃ আব্দুর রহমান সহ অন্যান্য সদস্যবৃন্দ, রাজউকের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্প পরিচালকগণ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ ইয়াকুব আলী পাটোয়ারি ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অবৈধ নির্মাণ থেকে বিরত থাকুন



*১০০ ফুট প্রশস্ত খাল খনন ও উন্নয়ন প্রকল্প পরিদর্শনে মাননীয় মন্ত্রী*

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রীর উত্তরা এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শন

গত ০৫ ফেব্রুয়ারি, ২০১৯খ্রি. তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী শ.ম. রেজাউল করিম এম.পি অত্র মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মত রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব, রাজউকের চেয়ারম্যান, গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক, ডেসকোর ব্যবস্থাপনা পরিচালক, Fire Service & Civil Defence এর D.G, সেনাকল্যাণ সংস্থার উচ্চপদস্থ কর্মকর্তা, রাজউক ও গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী প্রকল্প এলাকা কয়েকটি Flat পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শন শেষে প্রকল্প অফিসের সভা কক্ষে সবার উপস্থিতিতে রাজউক চেয়ারম্যান প্রকল্প সম্পর্কে একটি প্রতিবেদন উপস্থাপন করেন।



সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন উক্ত প্রকল্পের 'সি' ব্লকে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নিম্নবিত্তদের জন্য দীর্ঘ মেয়াদী কিস্তি সুবিধা প্রদান করে নীট ৮৫০ বর্গফুটের এপার্টমেন্ট নির্মাণ করা হবে যাতে নিম্ন আয়ের মানুষ তার মাসিক আয়ের ভিত্তিতে এপার্টমেন্টের কিস্তি পরিশোধ করতে পারে। Print ও Electronic Media-কে মাননীয় মন্ত্রী একটি সাক্ষাৎকার প্রদান করেন।

তিনি বলেন, উক্ত এপার্টমেন্ট কমপ্লেক্স বাংলাদেশ সর্ববৃহৎ এপার্টমেন্ট কমপ্লেক্স এবং সমস্ত নাগরিক সুযোগ সুবিধাসহ একটি আধুনিক মানের এপার্টমেন্ট কমপ্লেক্স হিসেবে গড়ে উঠবে।



## আইএমইডি মহাপরিচালকের উত্তরা এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শন

০৫ জানুয়ারি, ২০১৯খ্রি. তারিখে IMED-এর মহাপরিচালক জনাব মোঃ মাহমুদুল হক রাজউক এর উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের সর্বস্তরের কর্মকর্তা সহ 'এ' ব্লকের প্রকল্প এলাকার পরিদর্শন করেন এবং প্রকল্পের উন্নয়ন কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন। IMED কর্তৃক নিয়োজিত Indepth Monitoring এর Consultant কর্তৃক আয়োজিত প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দগ্রহীতাদের উপস্থিতিতে একটি মতবিনিময় সভায় তিনি অংশগ্রহণ করেন।



*আইএমইডি মহাপরিচালকের সভায় প্রকল্পের কর্মকর্তাবৃন্দ*

যে কোন প্রয়োজনে দালাল নয় বরং সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করুন

অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন

## 'উন্নয়ন মেলা-২০১৮'- এ রাজউকের অংশগ্রহণ

জাতীয় উন্নয়ন মেলা ২০১৮-তে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ অংশগ্রহণ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে দেশব্যাপী ০৪ অক্টোবর থেকে ৩ দিনের 'উন্নয়ন মেলা-২০১৮' এর উদ্বোধন করেন এবং এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এবারের উন্নয়ন মেলা ২০১৮-এর প্রতিপাদ্য বিষয় 'উন্নয়নের রোল মডেল, শেখ হাসিনার বাংলাদেশ'।



*জাতীয় উন্নয়ন মেলা ২০১৮ তে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রদর্শণী স্টল*




*বিভিন্ন দর্শণার্থীদের রাজউকের প্রদর্শণী স্টল পরিদর্শন*

### নিবেদন


রাজউক বার্তায় প্রকাশের জন্য রাজউকের সকল কর্মকর্তা কর্মচারীদেরকে তাদের নিজের এবং পরিবারের সদস্যদের যে কোন অর্জন সংক্রান্ত তথ্য সম্পাদক বরাবর প্রেরণের জন্য আহ্বান করা হচ্ছে।

## Urban Resilience প্রকল্পের 'Project Implementation Concept Workshop for Stakeholders' শীর্ষক দুই দিন ব্যাপী কর্মশালা অনুষ্ঠিত




## গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্প এর অগ্রগতি

রাজধানীর গুলশান, বনানী ও বারিধারায় অবস্থিত লেক পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঘোষিত 'পরিবেশগত সংকটাপন্ন এলাকা'। লেকটি অবৈধ দখলদারের কবল থেকে রক্ষা, লেকের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, পরিবেশ উন্নয়নের মাধ্যমে মহানগরীর নান্দনিকতা বৃদ্ধি, জনগণের চিত্ত বিনোদনের সুযোগ বৃদ্ধি ইত্যাদি লক্ষ্য নিয়ে রাজউক প্রস্তাবিত লেক উন্নয়ন প্রকল্পটি ৪১০.৫২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১০ সালে একনেক কর্তৃক অনুমোদিত হয়। তদানুযায়ী প্রকল্পেরমেয়াদ নির্ধারিত ছিল জুলাই/২০১০ হতে জুন/২০১৩ পর্যন্ত। যা পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন'২০১৯ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।



*বাড্ডা (হাতিরঝিল মোড়) হতে শাহজাদপুর পর্যন্ত লেকের পাড়ে ২.৪০ কি.মি. লেক.ড্রাইভ সড়ক*

**২) লেক পুন: খনন ঃ** বনানী কবরস্থান হতে বনানী ১১ নং ব্রিজ পর্যন্ত ১.৪ কি.মি. লেক পুন: খনন এবং বনানী ১১ নং ব্রিজ হতে নিকেতন ব্রিজ পর্যন্ত ২.৪ কি.মি. লেক পুন: খনন কাজ সম্পন্ন হয়েছে।



*গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্পের স্লাজ অপসারণ ও লেক পুন: খননের চিত্র*

# উন্নয়ন নিয়ন্ত্রণ

## রাজউক জোন-২ (২/১, ২/২, ২/৩) এর কার্যক্রম

০১ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখে ইমারতের ব্যত্যয়/বিচ্যুতি রোধকল্পে এবং ইমারতের মালিকগণকে 'অকুপেন্সি সনদ গ্রহণে উদ্বুদ্ধকরণে অনুমোদিত নক্সা অনুযায়ী ইমারতের নির্মাণ কাজ নিশ্চিত করাসহ যথাসময়ে অকুপেন্সি সনদ গ্রহণ পূর্বক নির্মিত/নির্মাণাধীন ইমারতের ব্যবহার বা হস্তান্তরকরণ সংক্রান্ত স্থপতি ও প্রকৌশলীগণের সাথে মতবিনিময় ও অবহিতকরণ সভার আয়োজন করা হয়।



০৮ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখে জোন-২ (সাব-জোন ২/১, ২/২, ২/৩) কর্তৃক অত্র দপ্তরে বার্ষিক বনভোজন এর আয়োজন করা হয়। বার্ষিক বনভোজন অনুষ্ঠানে জোন-২ এর সকল কর্মকর্তা এবং কর্মচারি সহ, রাজউক এর উপ-পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন), সকল সদস্যবৃন্দ এবং চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ আবদুর রহমান অংশগ্রহণ করেন।




# প্রশাসন

## পদোন্নতি

অফিস আদেশ ২৬৯/২০১৯, ৩১ জানুয়ারি ২০১৯ অনুযায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর বিভাগীয় পদোন্নতির জন্য গঠিত নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির ২৮ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে কর্তৃপক্ষের ০১/২০১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক **জনাব মোঃ সিরাজুল ইসলাম**, নগর পরিকল্পনাবিদ-কে জাতীয় বেতন স্কেল/২০১৫ টাঃ ৫০,০০০-৭১,২০০/- (গ্রেড-৪) এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ তাঁকে প্রধান নগর পরিকল্পনাবিদ পদে পদোন্নতি প্রদান করা হয়।

## পদায়ন

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ নং-২৫.০০.০০০০.০১৯.০১.৪৮.২০১৩-১১৮, তারিখঃ ০৫/০৩/২০১৯ অনুযায়ী রাজউকে প্রেষণে নিয়োজিত **জনাব মোঃ আজহারুল ইসলাম খান**, অতিরিক্ত সচিব-কে সদস্য (এস্টেট ও ভূমি), রাজউক, **জনাব মোঃ আমজাদ হোসেন খান**, সদস্য (এস্টেট ও ভূমি), রাজউক-কে সদস্য (প্রশাসন ও অর্থ), **জনাব মোঃ সাঈদ নূর আলম**, সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), রাজউক-কে সদস্য (পরিকল্পনা), **জনাব আবুল কালাম আজাদ**, সদস্য (পরিকল্পনা), রাজউক-কে সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), হিসেবে দায়িত্ব বন্টন/ পদায়ন করা হয়েছে।

অফিস আদেশ ৪০০/২০১৯ অনুযায়ী, ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে রাজউকে প্রেষণে নিয়োজিত জনাব **মোঃ আব্দুল মতিন**, পরিচালক, রাজউক-কে পরিচালক (জোন-১), **জনাব মোঃ খায়রুজ্জামান**, পরিচালক, রাজউক-কে পরিচালক (জোন-৩) ও **জনাব মোহাম্মদ মামুন মিয়া**, পরিচালক, রাজউক-কে পরিচালক (জোন-৪) হিসেবে পদায়ন করা হয়েছে।

অফিস আদেশ ২৮৭/২০১৯ অনুযায়ী, ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে রাজউকে প্রেষণে নিয়োজিত **জনাব সাবরীন চৌধুরী**, উপপরিচালক, রাজউক-কে উপপরিচালক (প্রশাসন-১) হিসেবে পদায়ন করা হয়েছে।

## যোগদান

অফিস আদেশ ৬২৩/২০১৯ অনুযায়ী, ২৪ মার্চ, ২০১৯ তারিখে **বেগম তানজিলা খানম**, পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-২) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৬১৭/২০১৯ অনুযায়ী, ২১ মার্চ, ২০১৯ তারিখে **জনাব আব্দুল লতিফ হেলালী**, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), রাজউক-কে প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এর চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৬১০/২০১৯ অনুযায়ী, ২১ মার্চ, ২০১৯ তারিখে **জনাব মোঃ নুরুল ইসলাম**, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৬১০/২০১৯ অনুযায়ী, ২১ মার্চ, ২০১৯ তারিখে **জনাব মোহাম্মদ মুজাফ্ফর উদ্দিন**, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাস্তবায়ন), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈদ্যুতিক) ও উপপ্রকল্প পরিচালক (ই/এম), উত্তরা এপার্টমেন্ট প্রকল্প, রাজউক এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৫৪৫/২০১৯ অনুযায়ী, ১৩ মার্চ, ২০১৯ তারিখে **মিসেস মাহফুজা আক্তার**, উপনগর পরিকল্পনাবিদ-২, রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নগর পরিকল্পনাবিদ (বাস্তবায়ন) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৫৩৮/২০১৯ অনুযায়ী, ১২ মার্চ, ২০১৯ তারিখে **জনাব খন্দকার মোঃ ওয়াহিদ সাদিক**, নির্বাহী প্রকৌশলী (উত্তর ঢাকা), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প ব্যবস্থাপক, উত্তরা লেক উন্নয়ন প্রকল্প, রাজউক এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ২৮৭/২০১৯ অনুযায়ী, ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে **জনাব নাদিমুল ইসলাম**, উপপরিচালক (নিরীক্ষা ও বাজেট), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপপরিচালক (প্রশাসন-২) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ২৬৭/২০১৯ অনুযায়ী, ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখে **জনাব এ.এস.এম রায়হানুল ফেরদৌস**, প্রধান প্রকৌশলী (প্রকল্প ও ডিজাইন), রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালক, হাতিরঝিল সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্প এর দায়িত্ব ও **জনাব নজরুল ইসলাম**, প্রকল্প ব্যবস্থাপক, হাতিরঝিল সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্প, রাজউক-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নির্বাহী প্রকৌশলী (সিভিল), দক্ষিণ ঢাকা (রাজউক) বিভাগ এর দায়িত্ব ও প্রদান করা হয়েছে।

## বদলী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ নং-২৫.০০.০০০০.০১৩.১৯.০০২.০৮.২৪, তারিখঃ ২১/০১/২০১৯ অনুযায়ী রাজউকে প্রেষণে নিয়োজিত জনাব **মোঃ লুৎফুল আজিজ**, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈদ্যুতিক), রাজউক-কে, গণপূর্ত ই/এম সার্কেল-৪, ঢাকায় বদলী করা হয়েছে।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ নং-২৫.০০.০০০০.০১৩.১২.০০৬.১৮.৩০, তারিখঃ ৩১/০১/২০১৯ অনুযায়ী রাজউকে প্রেষণে নিয়োজিত **জনাব মোঃ আদিল উজ্জামান**, অথরাইজড অফিসার (জোন-৪/১, ৪/২), রাজউক-কে উপ-প্রধান স্থপতি পদে পদোন্নতি প্রদানকরতঃ স্থাপত্য অধিদপ্তর, ঢাকায় বদলী করা হয়েছে।

অফিস আদেশ ২৮৭/২০১৯ অনুযায়ী, ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে **জনাব মুহাম্মদ আশরাফ হোসেন**, উপপরিচালক (হিসাব), রাজউক-কে উপপরিচালক (এস্টেট ও ভূমি-২), **জনাব মোঃ হাফিজুর রহমান**, উপপরিচালক (প্রশাসন-২), রাজউক-কে উপপরিচালক (এস্টেট ও ভূমি-১) হিসেবে বদলী ও নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপপরিচালক (প্রশাসন-৩) এর দায়িত্ব এবং **জনাব মোঃ ইলিয়াস মোল্লা**, উপপরিচালক (এস্টেট ও ভূমি-২), রাজউক-কে উপপরিচালক (হিসাব) হিসেবে বদলী ও নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপপরিচালক (এস্টেট ও ভূমি-৩) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ২৮৬/২০১৯ অনুযায়ী, ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে **জনাব খন্দকার অলিউর রহমান**, পরিচালক (জোন-৩) ও অতিরিক্ত দায়িত্বঃ পরিচালক (জোন-৪), রাজউক-কে পরিচালক (প্রশাসন) হিসেবে বদলী ও নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পরিচালক (জোন-৬) এর দায়িত্ব এবং **জনাব আনন্দ কুমার বিশ্বাস**, পরিচালক (জোন-২), রাজউক-কে পরিচালক (আইন) হিসেবে

বদলী ও নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পরিচালক জোন-৭) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ২৮৬/২০১৯ অনুযায়ী, ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে **জনাব শেখ শাহীনুল ইসলাম,** পরিচালক (জোন-৬) ও অতিরিক্ত দায়িত্ব: পরিচালক (এস্টট ও ভূমি-২), রাজউক-কে পরিচালক (এস্টট ও ভূমি-২) হিসেবে এবং **জনাব মোহাম্মদ নুরুল ইসলাম,** পরিচালক (জোন-১), রাজউক-কে পরিচালক (জোন-২) হিসেবে বদলী প্রদান করা হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ নং-০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.১৯.৮১ তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৯ অনুযায়ী রাজউকে প্রেষণে নিয়োজিত **জনাব সুলতান আলম,** পরিচালক (জোন-৭), রাজউক-কে শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (৩য় পর্যায়) শির্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে বদলীপূর্বক প্রেষণে নিয়োগ প্রদান করা হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ নং-০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৫.১৯.২৫ তারিখঃ ০৮ জানুয়ারি ২০১৯ অনুযায়ী রাজউকে প্রেষণে নিয়োজিত **ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর,** পরিচালক (আইন), রাজউক-কে মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পদে বদলীপূর্বক পদায়ন করা হয়েছে।

## প্রশিক্ষণ

জনপ্রশাসন নীতিমালা (পিএটিপি) অনুযায়ী রাজউক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের বছরে ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের নির্দেশনার প্রেক্ষিতে প্রশাসন শাখার তত্ত্বাবধানে নিম্নোক্ত কর্মকর্তা ও কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে-

| ব্যাচ | প্রশিক্ষণকাল | গ্রেড | মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১২তম | ৩০.০৭.২০১৮ খ্রি. হতে ০৩.০৯.২০১৮ খ্রি. | ১০ | ৩০ (ত্রিশ) জন | প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে |
| ১৩তম | ০৮.১০.২০১৮ খ্রি. হতে ২৯.১০.২০১৮ খ্রি. | ১০ | ৩০ (ত্রিশ) জন | প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে |
| ১৪তম | ১২.১২.২০১৮ খ্রি. হতে ১৪.০১.২০১৯ খ্রি. | ৯-১০ | ৩১ (একত্রিশ) জন | প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে |

এছাড়া গত ১৩ নভেম্বর ২০১৮ খ্রি. তারিখে ৭ম-১২তম ব্যাচের সকল প্রশিক্ষণার্থীদের ০১ (এক) দিনের "রিফ্রেশার্স প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে "পরিকল্পিত নগরায়নে রাজউকের ভূমিকা" বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।





রুপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে রাজউক এর সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সদস্য (প্রশাসন ও অর্থ), সদস্য (এস্টেট ও ভূমি), সদস্য (পরিকল্পনা), সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) এর অধীনস্থ শাখা বিভাগ হতে অদ্যাবধি ০৯ (নয়টি) ব্যাচে ৩১২ (তিনশত বার) জনকে ই-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## বৈদেশিক প্রশিক্ষণ



*রাজউক এর কর্মকতাগণের জার্মানির ব্রেমেন শহরের ভারী মেশিনারী প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'এটলাস ওয়েসর' এর ফ্যাক্টরি পরিদর্শন*

রাজউক এর সদস্য (উন্নয়ন) মেজর ইঞ্জিঃ সামসুদ্দীন আহমদ চৌধুরী (অব:) এর নেতৃত্বে পূর্বাচল নতুন শহর প্রকল্পের প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর সমন্বয়ে গঠিত ৩ সদস্য বিশিষ্ট একটি দল ২৬-৩১ অক্টোবর ২০১৮খ্রি. তারিখ জার্মানি সফর করেন। এই সময়ে দলটি জার্মানির ব্রেমেন শহরের ভারী মেশিনারী প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'এটলাস ওয়েসর' এর ফ্যাক্টরি পরিদর্শন ও প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। রাজউক এর পূর্বাচল নতুন শহর প্রকল্পের আওতায় ০৩টি সয়েল কম্পেক্টর মেশিন ক্রয়করণ কাজের অংশ হিসেবে এই সফর সম্পাদিত হয়। সয়েল কম্পেক্টরগুলো পূর্বাচল নতুন শহর প্রকল্পের রাস্তার উন্নয়ন কাজে ব্যবহৃত হবে।

## অবসর

**জনাব সেখ যাহিদ হাসান ফারুকী,** পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-২), রাজউক ২৪ মার্চ ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: জামাল আক্তার ভূঁইয়া,** প্রকল্প পরিচালক, হাতিরঝিল প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ ঢাকা (রাজউক) বিভাগ, রাজউক ০৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব হাসান মাহমুদ,** নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প ব্যবস্থাপক-২, উত্তরা ৩য় পর্ব প্রকল্প, রাজউক ০১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে স্বেচ্ছায় এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: মাহবুব হোসেন সরকার,** অথরাইজড অফিসার (চলতি দায়িত্ব), জোন-৬/৩, রাজউক ০১ মার্চ ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: নাসির উদ্দিন শরীফ,** সহকারী পরিচালক (এস্টেট ও ভূমি-১) , রাজউক ০৬ জানুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: আবুল কালাম আজাদ,** সহকারী পরিচালক (এস্টেট ও ভূমি) , রাজউক ০১ জানুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) গ্রহণ করেছেন।

**জনাব মো: এনামুল কাদির সালেহ,** প্রকল্প ব্যবস্থাপক, উত্তরা লেক উন্নয়ন প্রকল্প, রাজউক ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: মুছলেম উদ্দিন,** ইমারত পরিদর্শক (জোন-২), রাজউক ০১ মার্চ ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: বেলাল উদ্দিন,** যান্ত্রিক-১ (রাজউক) বিভাগ , রাজউক ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

**জনাব মো: আবুল কাশেম,** গার্ড, বৈদ্যুতিক (রাজউক) বিভাগ , রাজউক ০৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

জনাব দেলোয়ার হোসেন শিকদার, দপ্তরী, নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, রাজউক ০১ জানুয়ারি ২০১৯ তারিখ হতে এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করছেন।

# বিষয় শাখা

## ৩য় লটারীর মাধ্যমে উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের আইডি পেলেন ৭৯৭ জন



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের 'এ' ব্লকের 'ফ্ল্যাট আইডি প্রদান সংক্রান্ত ৩য় লটারী অনুষ্ঠিত হয়েছে। ০৩ মার্চ ২০১৯ তারিখে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) অডিটোরিয়ামে এ লটারী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গত ২৫ ফেব্রুয়ারির মধ্যে যারা ফ্ল্যাটের ৪র্থ কিস্তির টাকা পরিশোধ

করেছেন তাদেরকে লটারীর মাধ্যেমে ফ্ল্যাটের আইডি প্রদান করা হয়েছে।

ফ্ল্যাটের আইডি প্রদান সংক্রান্ত ৩য় লটারী অনুষ্ঠানে রাজউকের চেয়ারম্যান আব্দুর রহমানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম, মন্ত্রণালয়ের সচিব শহীদ উল্লা খন্দকার, অতিরিক্ত সচিব মোঃ আখতার হোসেন প্রমুখ।

# বিবিধ

## মহান বিজয় দিবস উদযাপিত

মহান বিজয় দিবস-২০১৮ বিপুল উৎসাহ উদ্দীপনা ও যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসটির সূচনা করা হয়। এ সময় রাজউক চেয়ারম্যানসহ রাজউকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ উপস্থিত ছিলেন।




## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বিজয় দিবসে সাভার জাতীয় স্মৃতিসৌধের পর ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব **মোঃ শহীদ উল্লা খন্দকার**, রাজউক এর চেয়ারম্যান **মোঃ আব্দুর রহমান** সহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও রাজউকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ।

## বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদযাপিত

১৭ মার্চ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এর মাধমে দিবসের সূচনা করা হয়। এসময় উপস্থিত ছিলেন চেয়ারম্যান **মোঃ আব্দুর রহমান** সহ রাজউকের সদস্য পর্ষদ, রাজউক শ্রমিক লীগ ও রাজউক বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ এবং রাজউকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণ।




## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

রাজউক এর মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ পালন উপলক্ষে কেন্দ্রীয় শহিদমিনারে প্রভাতে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে পুষ্পস্তবক অর্পণ করেন রাজউক এর চেয়ারম্যান **জনাব মোঃ আব্দুর রহমান** ও সদস্য পর্ষদ সহ সকল শ্রেণীর কর্মকর্তা-কর্মচারিগণ।




## স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

৪৯তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে সকল মুক্তিযোদ্ধা ও বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে রাজউক পরিবারের পক্ষ থেকে পুষ্প স্তবক অর্পণ করেন রাজউক এর চেয়ারম্যান জনাব আব্দুর রহমান ও সদস্য পর্ষদ সহ সকলশ্রেণীর কর্মকর্তা-কর্মচারিগণ।




ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল রাজউক এর চেয়ারম্যান **মো: আব্দুর রহমানের** সাথে সৌজন্য স্বাক্ষাত করেন। এ সময়ে রাজউক চেয়ারম্যান তাকে ফুলেল শুভেচ্ছা জানান।






## নোটিশ

❑ নাগরিক সেবায় উদ্ভাবনের লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সিটিজেন চার্টার সেবাসমূহ সহজীকরণ করা হচ্ছে। এ বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর সহযোগিতায় বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে সেবা সহজীকরণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এভাবে সেবা প্রদানের গুণগত মান উন্নয়নের ফলে নাগরিকগণ আগের থেকে কম সময়ে ও খরচে সেবা পাবেন।

❑ এতদ্বারা রাজউকের আওতাধীন সংশ্লিষ্ট এলাকায় সকলের অবগতির জন্য জানানো যচ্ছে যে, ভূমি ব্যবহার ছাড়পত্র এবং ইমারত নির্মাণ সংক্রান্ত আবেদন ও অনুমোদন প্রক্রিয়া ৩১ মার্চ ২০১৯ তারিখের পর হতে ম্যানুয়ালী গ্রহণ ও প্রদান করা হবে না। ০১ এপ্রিল ২০১৯ তারিখ হতে এ সংক্রান্ত সকল আবেদন অনলাইনে (cp.rajukdhaka.gov.bd) গ্রহণ করা হবে। এমতাবস্থায়, ০১ এপ্রিল ২০১৯ তারিখ হতে ভূমি ব্যবহার ছাড়পত্র এবং ইমারত নির্মাণ অনুমোদন সংক্রান্ত আবেদন অনলাইনে (cp.rajukdhaka.gov.bd) জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে রাজউক প্রধান কার্যালয় এবং সংশ্লিষ্ট জোনাল অফিসে স্থাপিত হেল্পডেস্ক থেকে উক্ত তারিখ হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।

❑ পূর্বাচল নতুন শহর প্রকল্পে ২০০৩-২০০৪ ও ২০০৮-২০০৯ এবং পরবর্তী সালে বরাদ্দকৃত প্লটের সম্মানিত বরাদ্দ প্রাপকদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, প্রকল্পের ১০, ১২, ১৩, ১৫, ১৬, ও ১৮নং সেক্টরের আংশিক কিছু প্লট দখল হস্তান্তরের উপযোগী হয়েছে, অবশিষ্ট প্লটসমূহের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। হস্তান্তর উপযোগী প্লট সমূহের তথ্য রাজউকের ওয়েবসাইটে দেয়া হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট শাখা থেকেও এ বিষয়ে তথ্য সমূহ জানা যাবে।

প্রকাশক : মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত।
রাজউক বার্তা রেজিষ্ট্রেশন নম্বর ঃ ডিএ/২০০০-২৫, ফোন ঃ (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৬৩৫৯১, ই-মেইল ঃ mashrafbakul@yahoo.com